**AKASHVANI(Kolkata)**
**Regional News Unit**

**Date: 18-11-2025** **Desk in Charge : Kalyan L.**
**Time : 1-40 P.M.** **Compiling : K.L./ Suvankar B.**
**DEO : KB** **NRT : Subhra C.**

*****************************************************************

SIR-এর কাজের অগ্রগতির পর্যালোচনা এবং বিধানসভা নির্বাচনে ইভিএম-এর ফার্স্ট লেভেল চেকিং-কর্মসূচীতে যোগ দিতে নির্বাচন কমিশনের তিন সদস্যের প্রতিনিধি দল আজ কলকাতায় পৌঁছেছে।

ওই দলে আছেন, রাজ্যের দায়িত্বপ্রাপ্ত সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী, প্রিন্সিপাল সেক্রেটারি এস-বি যোশী ও মলয় মল্লিক। কলকাতা উত্তর ও দক্ষিণ, নদীয়া, দক্ষিণ ২৪ পরগণা, মুর্শিদাবাদ ও মালদায় SIR-এর কাজ পর্যালোচনা করবেন তাঁরা।

আজ দুপুরে কলকাতার বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল এবং কলকাতা উত্তর ও দক্ষিণের জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে ওই প্রতিনিধি দলের বৈঠকে বসার কথা। এরপর আলিপুরে দক্ষিণ ২৪ পরগণা জেলা নির্বাচনী আধিকারিকের সঙ্গেও তাদে বৈঠক হবে।

প্রতিনিধি দলটি এরপর যাবে নদীয়া ও মুর্শিদাবাদে। আগামীকাল সকালে কৃষ্ণনগরে এবং বিকেলে বহরমপুরে জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে তাঁদের বৈঠকের কথা রয়েছে।

আগামী বিশে নভেম্বর মালদায় দলটি এস আই আর-এর কাজকর্ম খতিয়ে দেখবে। ২১ তারিখ দলটি নিউটাউনে তালকুটির কনভেনশন সেন্টারে EVM-এর ফার্স্ট লেভেল চেকিং কর্মশালায় যোগ দেবে।

সেদিন রাতেই প্রতিনিধি দলের দিল্লি ফেরার কথা।

**********************

ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধন কর্মসূচী এস আই আর নিয়ে যেকোন প্রশ্ন থাকলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সরাসরি টেলিফোনে যোগাযোগ করতে বলেছে। যেকোন কাজের দিন সকাল সাড়ে ১০-টা থেকে বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত টোল ফ্রি নম্বর ১৯৫০ অথবা ০৩৩-২২৩১-০৮৫০-এই নম্বরে যোগাযোগ করতে বলা হয়েছে। এছাড়া ৯৮৩০০-৭৮২৫০ – এই নম্বর হোয়াটসাপও করা যাবে। ইমেল মারফত যোগাযোগও করা যাবে – ceowbcomplaints2024@gmail.com অথবা ceo-election-wb@nic.in–এ ।

**********************

স্কুল সার্ভিস কমিশন-SSC-র একাদশ-দ্বাদশ শ্রেণিতে শিক্ষক নিয়োগের জন্য নথি যাচাইয়ের প্রক্রিয়া আজ শুরু হচ্ছে। চলবে চৌঠা ডিসেম্বর পর্যন্ত।

আজ প্রথম দিনে বাংলা ভাষার জন্য তালিকাভুক্ত প্রার্থীদের ডাকা হয়েছে এবং প্রায় ২০ হাজার ৫০০ জন ডাক পেয়েছেন বলে SSC সূত্রে জানা গেছে। এদের মধ্যে আজ প্রথম দিনে ৭১০ জনের নথি যাচাই করা হবে। সকাল সাড়ে ৯ টা থেকে সল্টলেকের করুণাময়ীয়ের কাছে SSC-র নতুন ভবনে এই যাচাইয়ের কাজ শুরু হয়েছে।

প্রতিদিন গড়ে এক থেকে দেড় হাজার প্রার্থীকে ডাকা হবে। নথি যাচাইয়ের জন্য থাকছে ১৫ টি টেবিল। প্রত্যক টেবিলে ১০০ জন করে প্রার্থীর নথিপত্র যাচাই করা হবে।

উল্লেখ্য, প্রার্থীদের অ্যাপ্লিকেশন ফর্ম এবং ই-ইনফরমেশন শিট, সচিত্র পরিচয়পত্র, জাতিগত শংসাপত্র, স্নাতকোত্তরের শংসাপত্র-সহ প্রয়োজনীয় নথি রাখতে হবে বলেও SSC জানিয়েছে।

**********************

SSC পরীক্ষায় অভিজ্ঞতার জন্য অতিরিক্ত ১০ নম্বর দেওয়া নিয়ে কলকাতা হাইকোর্টে ফের মামলা দায়ের হয়েছে।

সরকারি স্কুলে কর্মরত শিক্ষকরা এই নম্বর পেলে, সরকার স্বীকৃত বেসরকারি স্কুল শিক্ষকরা কেন তা' পাবেন না, এই প্রশ্ন তুলে আদালতের দ্বারস্থ হয়েছেন এক মামলাকারী। ২৮শে নভেম্বর বিচারপতি অমৃতা সিন্‌হার এজলাসে এই মামলার শুনানির সম্ভাবনা।

উল্লেখ্য, এ বিষয়ে এর আগে একাধিক মামলা দায়ের হয়েছে। বিচারপতি সিন্‌হা, এ সংক্রান্ত মামলা সুপ্রিম কোর্টে বিচারাধীন থাকায় এর শুনানি করেন নি।  আগামী ২৪শে নভেম্বর সুপ্রিম কোর্টে এ সংক্রান্ত মামলার শুনানির সম্ভাবনা।

************************

ইন্টারভিউতে ডাক না পাওয়ায় প্রতিবাদে আজ বিকাশ ভবন অভিযানের ডাক দিয়েছেন যোগ্য চাকরিহারা শিক্ষক-শিক্ষিকারা। তাঁদের অভিযোগ, যোগ্য চাকরিহারা শিক্ষক-শিক্ষিকাদের অনেকেই এবার ইন্টারভিউয়ে ডাক পাননি। ফলে ৩১শে ডিসেম্বরের পর তাঁদের আর চাকরি থাকবে না। যেসব যোগ্য শিক্ষক-শিক্ষিকা ইন্টারভিউতে ডাক পেলেন না তাঁদের বিষয়টি বিবেচনা করার জন্য শিক্ষাসচিব বিনোদ কুমারের সঙ্গে দেখা করতে চান বলে আন্দোলনকারীরা জানিয়েছেন। করুণাময়ী বাসস্ট্যান্ড থেকে মিছিল করে বিকাশ ভবনের উদ্দেশ্যে তাঁরা যাবেন।

প্রসঙ্গত, দুর্নীতির দায়ে সুপ্রিম কোর্ট ২০১৬-র এসএসসির নিয়োগের পুরো প্যানেল বাতিল করে দেয়। এর ফলে চাকরি হারান প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষাকর্মী। নতুন করে নিয়োগ পরীক্ষা নিয়ে ৩১ শে ডিসেম্বরের মধ্যে সেই প্রক্রিয়া সম্পন্ন করার নির্দেশ দিয়েছিল শীর্ষ আদালত। তবে যোগ্য শিক্ষক শিক্ষিকাদের ৩১ শে ডিসেম্বর পর্যন্ত চাকরিতে বহাল রাখার নির্দেশও দিয়েছিল সুপ্রিম কোর্ট।

**********************

ভারতীয় উপকূল রক্ষী বাহিনী, বঙ্গোপসাগর থেকে আরও এক বাংলাদেশি ট্রলার সহ ২৪ জন মৎস্যজীবীকে আটক করেছে। গত তিন দিনে এই নিয়ে মোট তিনটি ট্রলার আটক করা হল। ধৃত বাংলাদেশীর সংখ্যা দাঁড়ালো ৭৯। নতুন 'এফবি নূর-ই-মদীনা-২৪' নামে আটক ট্রলারটির ২৪ জন মৎস্যজীবীরই বাড়ি বাংলাদেশের কক্সবাজার এলাকায়। ধৃতদের আজ কাকদ্বীপ আদালতে তোলা হবে।

এর আগে আরও ৫৫ জন মৎস্যজীবীকে গতকাল আদালতে তোলা হলে বিচারক ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন।

উল্লেখ্য, পরপর তিনদিন সীমান্ত লঙ্ঘনের এই ঘটনা উপকূল নিরাপত্তায় নতুন চ্যালেঞ্জ তৈরি করেছে বলে মনে করছে সংশ্লিষ্ট মহল।

এসআইআর এবং বাংলাদেশে অশান্ত পরিস্থিতির জেরে মৎস্যজীবীরা বারবার ভারতীয় জলসীমায় ঢুকে পড়ায় উদ্বিগ্ন ভারতীয় উপকূল রক্ষী বাহিনী ও সুন্দরবন পুলিশ জেলা। এর ফলে ভারত–বাংলাদেশ জলসীমায় নজরদারি কয়েক গুণ বাড়ানো হয়েছে।

**********************

সুন্দরবনের চামটার জঙ্গলে বাঘের হামলায় এক মৎস্যজীবীর মৃত্যু হয়েছে । শম্ভু সর্দার নামে ওই মৎস্যজীবীর  বাড়ি দক্ষিণ ২৪ পরগনার কুলতলি ব্লকের কাঁটামারি এলাকায়। পরিবার সূত্রে জানা গেছে, গত রবিবার দু'জন সঙ্গীকে সঙ্গে নিয়ে নদী ও খাঁড়ির ধারে মাছ–কাঁকড়া ধরতে যান শম্ভু। গতকাল সকালে বন লাগোয়া খাঁড়ির ভেতর কাঁকড়া ধরার সময় আচমকাই একটি বাঘ শম্ভুর উপর ঝাঁপিয়ে পড়ে। সঙ্গীরা পালাতে সক্ষম হলেও শম্ভুকে টেনে নিয়ে যায় বাঘ।

পরে বনকর্মীরা তল্লাশি চালিয়ে তার ক্ষতবিক্ষত দেহ উদ্ধার করে।

পরিবারের একমাত্র রোজগেরে শম্ভুর মৃত্যুর খবরে ছড়িয়ে পড়তেই কাঁটামারি গ্রামে শোকের ছায়া নেমে আসে। কয়েক মাস আগেই মারা গিয়েছেন শম্ভুর স্ত্রীও। ঘরে রয়েছেন বৃদ্ধ বাবা-মা।

***********************

বজবজ থানা এলাকায় নাকা চেকিংয়ের সময় তিনটি আগ্নেয়াস্ত্র ও একাধিক কার্তুজ উদ্ধার হয়েছে। আগ্নেয়াস্ত্রগুলির মধ্যে রয়েছে একটি স্বয়ংক্রিয় নাইন এমএম পিস্তল এবং দুটি ওয়ান শাটার। গ্রেফতার করা হয়েছে ফার্সে আলম নামে এক ব্যক্তিকে। ধৃতকে পুলিশি হেফাজতের নির্দেশ দিয়েছে আলিপুর আদালত।

***********************

পুর নিয়োগ দুর্নীতি কাণ্ডে, এনফোর্সমেন্ট নির্দেশালয়-ইডি, আজ রাজ্যের দমকল মন্ত্রী সুজিত বসুর মেয়েকে সিজিও কমপ্লেক্সে জেরা শুরু করেছে।

উল্লেখ্য, গতকাল সুজিত বসুর জামাই রাহুল সিংকে ইডি দীর্ঘক্ষণ জেরা করেছিলো। কিছুদিন আগে ইডি পুর নিয়োগ দুর্নীতি মামলায় সল্টলেকে সুজিত বসুর বাড়িতে গিয়ে তাঁকে ও তাঁর পরিবারের সদস্যদের জিজ্ঞাসাবাদ করেছিল।

***********************

পুর নিয়োগ দুর্নীতি কাণ্ডে, এনফোর্সমেন্ট নির্দেশালয়-ইডি, আজ রাজ্যের দমকল মন্ত্রী সুজিত বসুর মেয়েকে সিজিও কমপ্লেক্সে জেরা শুরু করেছে।

উল্লেখ্য, গতকাল সুজিত বসুর জামাই রাহুল সিংকে ইডি দীর্ঘক্ষণ জেরা করেছিলো। কিছুদিন আগে ইডি পুর নিয়োগ দুর্নীতি মামলায় সল্টলেকে সুজিত বসুর বাড়িতে গিয়ে তাঁকে ও তাঁর পরিবারের সদস্যদের জিজ্ঞাসাবাদ করেছিল।

*********************************************************************